গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামরাই, ঢাকা
dhamrai.dhaka.gov.bd

জুলাই ২০২৩ মাসে অনুষ্ঠিত ধামরাই উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : হোসাইন মোহাম্মদ হাই জকী
উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা
তারিখ : ১৩ জুলাই ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ধামরাই, ঢাকা
উপস্থিতি : উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক)

সভাপতি কর্তৃক ধামরাই উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় জুন ২০২৩ মাসের উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে জুন ২০২৩ মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা শেষে যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তা নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা<br>উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, গ্রাম পুলিশের সমন্বয়ে উপজেলার অপরাধ প্রবণতা প্রতিরোধ ও সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার বিষয়টি সভায় আলোচনা হয়। এ সময় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। উপজেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা রয়েছে এমন কোন ঘটনা কারো গোচরীভূত হলে তাৎক্ষণিক তা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করার বিষয়টি সভায় আলোচনা হয়। জুন ২০২৩ মাসে ঈদ-উল-আয্হা ও রথযাত্রা উৎসব চলাকালীন ধামরাই উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি ও মহাসড়কের যানজট পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকায় আইনশৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা রয়েছে এমন কোন ঘটনা কারো গোচরীভূত হলে তাৎক্ষণিক তা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই<br>২। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ধামরাই |
| ০২। | অপরাধচিত্র পর্যালোচনা<br>সভায় ধামরাই উপজেলার জুন ২০২৩ মাসের অপরাধ চিত্র উপস্থাপন করা হয়। অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, জুন ২০২৩ মাসে মে ২০২৩ মাসের তুলনায় মামলার সংখ্যা হ্রাস পেয়েছে। অফিসার ইনচার্জ, ধামরাই থানা মাদক সংক্রান্ত মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে মর্মে সভাকে অবহিত করেন। জামালপুরের গরু ব্যবসায়ীর নিকট থেকে ২৭ লক্ষ টাকা ডাকাতি করে নিয়ে যাওয়ার ঘটনাটি সাভার উপজেলার আশুলিয়ায় সংঘটিত হলেও ধামরাই উপজেলাস্থ ভাড়ারিয়া ইউনিয়ন থেকে ডাকাতির ২৭ লক্ষ টাকা ও ট্রাক উদ্ধার হওয়ায় ধামরাই থানায় ডাকাতির মামলা নেয়া হয় এবং ডাকাত দলের সকল সদস্যকে গ্রেফতার করা হয়েছে মর্মে অফিসার ইনচার্জ সভাকে অবহিত করেন। ডাকাতির অর্থ উদ্ধার এবং যথাসময়ে আসামী গ্রেফতারের জন্য ধামরাই থানা পুলিশকে ধন্যবাদ প্রদান করা হয়। অপরাধ প্রবণতা প্রতিরোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানানো হয়। পাশাপাশি মাদক সংক্রান্ত অভিযান জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে মামলা গ্রহণ এবং যথাসময়ে সকল আসামী গ্রেফতারে সচেষ্ট থাকতে হবে। পাশাপাশি অপরাধ প্রবণতা প্রতিরোধে সতর্কতা অবলম্বন করতে হবে। মাদকসংক্রান্ত মামলায় কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা |
| ০৩। | যানজট নিয়ন্ত্রণ ও সড়ক দুর্ঘটনা প্রতিরোধ বিষয়ক আলোচনা<br>ধামরাই বাজারের অবৈধ পার্কিং ও বাজারের যানজট নিরসনের বিষয়ে সভায় আলোচনা হয়। ঢুলিভিটা বাসস্ট্যান্ডে হাইওয়ের লোকাল লেনে উল্টোপথে যানবাহন চলাচল করে যানজটের সৃষ্টি না করে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। ধামরাই বাজার ও ঢুলিভিটা বাসস্ট্যান্ডের যানজট নিয়ন্ত্রণে পৌরসভা থেকে কার্যকর উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। | ঢুলিভিটা বাসস্ট্যান্ডে হাইওয়ের লোকাল লেনে উল্টোপথে যানবাহন চলাচল প্রতিরোধ ও ধামরাই বাজারে যানজট নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই<br>২। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ০৪। | **ধামরাই পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা**<br>ধামরাই পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সভায় আলোচনা হয়। ধামরাই পৌরসভার ময়লা আবর্জনার প্রসেসিং প্ল্যান্ট নির্মাণের জন্য প্রাথমিকভাবে একটি জায়গা নির্ধারণ হয়েছে। নির্ধারিত জায়গাটি চূড়ান্ত করে কোন প্রক্রিয়ায় পৌরসভার নামে বরাদ্দ প্রদান করা হবে সে বিষয়ে সভায় আলোচনা হয়। | ধামরাই পৌরসভার নিকটস্থ স্থানে বর্জ্য প্রসেসিং প্ল্যান্ট নির্মাণের বিষয়ে স্থান এবং জমি হস্তান্তর প্রক্রিয়ায় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই<br>২। সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা |
| ০৫। | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা**<br>(ক) প্রকাশ্যে মাদক ব্যবসা ও মাদক গ্রহণকারীর বিরুদ্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। মাদক সংক্রান্ত অভিযোগ উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবহিত করার বিষয়টি সভায় আলোচনা হয়। মে ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ১৮ টি মামলায় ১৮ জনকে বিভিন্ন মেয়াদে সাজা প্রদানসহ ২২,৪০০/- (বাইশ হাজার চারশত) টাকা অর্থদন্ড প্রদান করা হয়। | ১। মাদক সংক্রান্ত অভিযোগ উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবগত করতে হবে।<br>২। মাদকবিরোধী মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>২।সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,সার্কেল-ক ঢাকা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (সকল), ধামরাই, ঢাকা |
| | (খ) সভায় ধামরাই উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদকের বিরুদ্ধে সচেতনতামূলক সভা করা এবং মাদকের নেশা থেকে যুব সমাজ ও ছাত্রদেরকে মুক্ত রাখার লক্ষ্যে মসজিদ, মাদ্রাসা, হাট-বাজার, পাড়া-মহল্লায় স্থানীয়ভাবে ইসলামিক ফাউন্ডেশনের সহায়তায় সচেতনতামূলক সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। শিক্ষার্থীদেরকে মাদক থেকে দূরে রাখার লক্ষ্যে পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মোটিভেশনাল সভা করার মাধ্যমে মাদকমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান ও মাদকমুক্ত সমাজ গঠন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ৩। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মাদ্রাসা, হাট-বাজার, পাড়া-মহল্লায় স্থানীয়ভাবে ইসলামিক ফাউন্ডেশন এর সহায়তায় সচেতনতামূলক সভার আয়োজন করাসহ মাদক-বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,সার্কেল-ক ঢাকা<br>৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ধামরাই |
| | (গ) অফিসার ইনচার্জ সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে স্থানীয় যুব সমাজকে মাদক থেকে দূরে রাখার নিমিত্ত প্রতিটি ইউনিয়নের ওয়ার্ডসমূহে সাধারণ জনগণকে সম্পৃক্ত করে মোটিভেশনাল সভা করার জন্য অনুরোধ জানান। মাদক নিয়ন্ত্রণে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে জনপ্রতিনিধি ও আইনশৃঙ্খলা বাহিনীকে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ৪। স্থানীয় যুব সমাজকে মাদক নিয়ন্ত্রণে প্রতিটি ইউনিয়নের ওয়ার্ডসমূহে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে সাধারণ জনগণ, জনপ্রতিনিধি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও আইনশৃঙ্খলা বাহিনীকে সম্পৃক্ত করে মোটিভেশনাল সভা আয়োজন করতে হবে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য (সকল), ধামরাই, ঢাকা |
| | (ঘ) মন ও শরীরকে সুস্থ্য রাখতে খেলাধুলা ও শরীরচর্চা অত্যন্ত গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে। যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে খেলাধুলা ও শরীরচর্চার প্রতি মনোযোগী হওয়া খুবই জরুরী। যুবসমাজকে খেলাধুলা ও শরীরচর্চার প্রতি উৎসাহিত করতে ইতোমধ্যে ধামরাই উপজেলায় ০৫ টি নতুন খেলার মাঠ প্রতিষ্ঠা করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৫। মাদকরোধে খেলধুলা ও শরীরচর্চার প্রতি যুবসমাজকে উৎসাহিত করতে হবে এবং নতুন আরো খেলার মাঠ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা |
| ০৬। | **কৃষি জমি রক্ষা সংক্রান্ত আলোচনা**<br>কৃষি জমি ভরাটের ক্ষেত্রে সরকারি অনুমোদন নেয়া এবং তিন ফসলি ও দুই ফসলি কৃষি জমি থেকে মাটি কাটার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে অভিযোগ পাওয়া গেলে 'ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩' অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | কৃষি জমি ভরাটের ক্ষেত্রে এবং তিন ফসলি ও দুই ফসলি কৃষি জমি থেকে মাটি কাটার অভিযোগ পাওয়া গেলে 'ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৩' অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা<br>০২। উপজেলা কৃষি কর্মকর্তা, ধামরাই, ঢাকা<br>০৩। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা |
| ০৭। | **কোভিড-১৯ পরিস্থিতি বিষয়ক আলোচনা**<br>ধামরাই উপজেলায় শতভাগ কোভিড-১৯ টিকা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ টিকার ৩য় ডোজ এবং ৬০ বছর তদুর্ধ্বদেরকে ৪র্থ ডোজ নেয়ার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের প্রচারণা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। এখনও পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরকে কোভিড-১৯ টিকা প্রদান না করলে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তালিকা ধামরাই থানা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণের জন্য সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | (১) কোভিড-১৯ টিকার তৃতীয় ডোজ যারা এখনও গ্রহণ করেননি তাদেরকে হাসপাতালে এসে তৃতীয় ডোজ গ্রহণ করার বিষয়টি স্থানীয়ভাবে প্রচার করতে হবে।<br>(২) কোভিড-১৯ টিকার ৩য় ডোজ এবং ৬০ বছর তদুর্ধ্বদেরকে ৪র্থ ডোজ নেয়ার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের ব্যাপক প্রচারণা | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধামরাই<br>২। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ঢাকা<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধামরাই, ঢাকা<br>৪। উপজেলা শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| | | অব্যাহত রাখতে হবে।<br>(৩) এ পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ টিকা দেয়া না হলে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তালিকা জরুরী ভিত্তিতে থানা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার, ধামরাই<br>৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ও সদস্য |
| ০৮। | ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা<br>এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে সকলকে সচেতন থাকাসহ সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগে আক্রান্ত হলে চিকিৎসকের পরামর্শ নিয়ে ঔষধ সেবন করতে হবে। ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে স্বাস্থ্য বার্তা সংক্রান্ত লিফলেট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের মাধ্যমে প্রচার করে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। | এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকনগুনিয়া রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে সচেতনতা-মূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। পাশাপাশি ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে স্বাস্থ্য বার্তা সংক্রান্ত লিফলেটটির ব্যাপক প্রচারণা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, ধামরাই<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই |
| ০৯। | বিবিধ<br>বাল্যবিবাহ, যৌন হয়রানী ও সামাজিক আন্দোলন প্রতিরোধ সংক্রান্ত আলোচনা<br>বাল্য বিবাহ, যৌন হয়রানি এবং বিভিন্ন সামাজিক অপরাধ প্রতিরোধে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটি কার্যকর করার বিষয়ে সভায় আলোচনা হয়। কোন বিষয়ে বিশেষ সহায়তা প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ এর সহায়তা নিতে পারেন। | ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটি সক্রিয় করার মাধ্যমে বাল্যবিবাহ, যৌন হয়রানি এবং সামাজিক অপরাধ প্রতিরোধের উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধামরাই, ঢাকা |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

16.7.23

হোসাইন মোহাম্মদ হাই জকী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
ধামরাই, ঢাকা

স্মারক নম্বর: ০৫.৪১.২৬১৪.০০০.০৬.০০২.২১.৯৯১(৫০)

তারিখ: ০১ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ / ১৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় আবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঢাকা-২০ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি, ধামরাই, ঢাকা
০২। জেলা প্রশাসক, ঢাকা
০৩। পুলিশ সুপার, ঢাকা
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি, ধামরাই, ঢাকা
০৫। মেয়র, ধামরাই পৌরসভা, ধামরাই, ঢাকা
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা
০৭। সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা
০৮। উপবিভাগীয় প্রকৌশলী, নয়ারহাট সড়ক উপবিভাগ, মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ
০৯। অফিসার ইনচার্জ, ধামরাই থানা, ধামরাই, ঢাকা
১০। উপজেলা..............................................কর্মকর্তা, ধামরাই, ঢাকা
১১। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়, ঢাকা
১২। চেয়ারম্যান (সকল)..................................ইউনিয়ন পরিষদ, ধামরাই, ঢাকা
১৩। জনাব ................................................ সদস্য, উপজেলা আইনশৃঙ্খলা কমিটি, ধামরাই, ঢাকা

16.7.23

উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা